



কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ঢাকা, চট্টগ্রাম, সিলেট, ময়মনসিংহ বিভাগের আওতাধীন দপ্তর সমূহের সমন্বয়ে ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি: শেখ সুজাউর রহমান  
অতিরিক্ত কারা মহাপরিদর্শক

তারিখ: ২৩ মার্চ, ২০২৩।  
সময়: সকাল ১০:০০ ঘটিকা  
স্থান: Zoom Online Platform.

উপস্থিতি: পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব ডেপুটি জেলার জনাব মোঃ রুস্তম আলী কে অনুরোধ করা হলে সদস্য সচিব নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:


১.০ **আলোচ্য বিষয়:** বিভাগীয় কারা উপ মহাপরিদর্শকের কার্যালয় ও কেন্দ্রীয় ও জেলা কারাগার সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথভাবে হালনাগাদকরণ ও ওয়েব পোর্টালে আপলোডকরণ।

১.১ **আলোচনা:** সদস্য সচিব সভায় জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী কারা সদর দপ্তর, বিভাগীয় দপ্তর, কেন্দ্রীয় ও জেলা কারাগারের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণসহ তা ওয়েব পোর্টালে আপলোডের নির্দেশনা রয়েছে। বিভাগীয় কারা উপ মহাপরিদর্শকের কার্যালয় ও কারাগার সমূহের ওয়েব পোর্টাল অনুসন্ধান করে দেখা যায় যে, অধিকাংশ দপ্তরের ওয়েব পোর্টালে সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোড দেওয়া হয়নি, কিছু কিছু দপ্তরের ওয়েব পোর্টালে সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোড দেওয়া হলেও তা ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হয়নি ইত্যাদি। অতঃপর সভাপতি জানান যে, সেবা প্রত্যাশীরা যাতে সহজে সেবা গ্রহণের প্রক্রিয়া সম্পর্কে জানতে পারে এজন্য সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী কারা অধিদপ্তর ও আওতাধীন দপ্তর সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতির নমুনা তৈরি করে বিভাগীয় দপ্তর ও কারাগারসমূহে প্রেরণ করা হয়েছে এবং তা ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করণের জন্য আওতাধীন দপ্তর সমূহকে নির্দেশনা দেওয়া হয়েছে। সভাপতি যথাযথ প্রক্রিয়ায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের জন্য ঢাকা, চট্টগ্রাম, সিলেট, ময়মনসিংহ বিভাগীয় কারা মহাপরিদর্শকগণকে নির্দেশনা প্রদান

করেন। বিভাগীয় কারা মহাপরিদর্শকগণ জানান যে, কারা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী তারা সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথ প্রক্রিয়ায় হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করবেন, আওতাধীন কেন্দ্রীয় ও জেলা কারাগার সমূহকে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণসহ তা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য তাগাদা প্রদান করবেন। এছাড়া ঢাকা, চট্টগ্রাম, সিলেট, ময়মনসিংহ বিভাগের কারাগার সমূহের জেল সুপারগণ জানান যে, তারা ইতোমধ্যে বিষয়টি সম্পর্কে অবগত আছেন এবং কারা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করবেন। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) মোঃ মাইন উদ্দিন ভূইয়া জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম পরিকল্পনা, ২০২২-২৩ তে যথাযথভাবে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য বিভিন্ন কর্মসম্পাদন সূচকের জন্য নম্বর নির্ধারিত রয়েছে, যা বাস্তবায়ন না করলে অধিদপ্তরের পূর্ণ নম্বর অর্জিত হবে না। সুতরাং সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথভাবে বাস্তবায়নের জন্য তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

**১.২ সিদ্ধান্ত:** (১) প্রতি ০৩ মাস অন্তর বিভাগীয় দপ্তর, কেন্দ্রীয় ও জেলা কারাগার সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে তা ওয়েব পোর্টাল আপলোড করা।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শেষ করেন।



শেখ সুজাউর রহমান

কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক

ও সভাপতি

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

পত্র নং ৫৮.০৪.০০০০.০২৪.০১.০০৩.২৩-১৮৫

তারিখঃ ০২ চৈত্র, ১৪২৯।  
২৩ মার্চ, ২০২৩।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দৃ: আ: প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ।
- ২। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ।
- ৩। সিনিয়র জেল সুপার/ জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। (কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।



মোঃ মাইন উদ্দিন ভূইয়া

সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা

পক্ষে- কারা মহাপরিদর্শক

aig.adm@prison.gov.bd